# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১২২৭

২৯. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ২৪. তালাকপ্রাপ্তা বাদীর ইদ্দতের বর্ণনা ও বিধান

بَاب مَا جَاءَ فِي عِدَّةِ الْأَمَةِ مِنْ طَلَاقِ زَوْجِهَا

আরবী

قَالَ مَالِك الْأَمْرُ عِنْدَنَا فِي طَلَاقِ الْعَبْدِ الْأَمَةَ إِذَا طَلَّقَهَا وَهِيَ أَمَةٌ ثُمَّ عَتَقَتْ بَعْدُ فَعِدَّتُهَا عِدَّةُ الْأَمَةِ لَا يُغَيِّرُ عِدَّتَهَا عِتْقُهَا كَانَتْ لَهُ عَلَيْهَا رَجْعَةٌ أَوْ لَمْ تَكُنْ لَهُ عَلَيْهَا رَجْعَةٌ لَا تَنْتَقِلُ عِدَّتُهَا قَالَ مَالِك وَمِثْلُ ذَلِكَ الْحَدُّ يَقَعُ عَلَى الْعَبْدِ ثُمَّ يَعْتِقُ بَعْدَ أَنْ يَقَعَ عَلَيْهِ الْحَدُّ فَإِنَّمَا حَدُّهُ حَدُّ عَبْدٍ قَالَ مَالِك وَالْحُرُّ يُطَلِّقُ الْأَمَةَ ثَلَاثًا وَتَعْتَدُّ بِحَيْضَتَيْنِ وَالْعَبْدُ يُطَلِّقُ الْحُرَّةَ تَطْلِيقَتَيْنِ وَتَعْتَدُّ ثَلَاثَةَ قُرُوءٍ قَالَ مَالِك فِي الرَّجُلِ تَكُونُ تَحْتَهُ الْأَمَةُ ثُمَّ يَبْتَاعُهَا فَيَعْتِقُهَا إِنَّهَا تَعْتَدُّ عِدَّةَ الْأَمَةِ حَيْضَتَيْنِ مَا لَمْ يُصِبْهَا فَإِنْ أَصَابَهَا بَعْدَ مِلْكِهِ إِيَّاهَا قَبْلَ عِتَاقِهَا لَمْ يَكُنْ عَلَيْهَا إِلَّا الِاسْتِبْرَاءُ بِحَيْضَةٍ

বাংলা

রেওয়ায়ত ৬৯. মালিক (রহঃ) বলেনঃ ক্রীতদাস তাহার ক্রীতদাসী স্ত্রীকে ক্রীতদাসী থাকা অবস্থায় তালাক দিল। তার পর স্ত্রী মুক্তিলাভ করিল। এমতাবস্থায় আমাদের মতে তাহার ইদ্দত হইবে ক্রীতদাসীর ইদ্দত। মুক্তিলাভ তাহার ইদ্দতে কোন পরিবর্তন আনিবে না। তাঁহার স্বামীর তাহার দিকে প্রত্যাবর্তন করার অধিকার থাকুক আর না থাকুক কোন অবস্থাতেই ইদ্দত পরিবর্তিত হইবে না।

মালিক (রহঃ) বলেনঃ (ইসলামী বিধান মুতাবিক অপরাধের শাস্তি)- এর ব্যাপারও অনুরূপ। ক্রীতদাসের উপর হদ্দ-এর শাস্তি নিধারণ করা হইল। অতঃপর তাহাকে মুক্তি দেওয়া হইল। তাহার ক্ষেত্রেও হদ্দ ক্রীতদাসের মতোই হইবে।

মালিক (রহঃ) বলেনঃ আযাদ ব্যক্তি ক্রীতদাসীকে তিন তালাক দিতে পারিবে। সে দুই হায়য (মাসিক ঋতু) ইদ্দত পালন করিবে আর ক্রীতদাস আযাদ রমণীকে দুই তালাক দিতে পরিবে, সে ইদ্দত পালন করিবে তিন কুরু।

মালিক (রহঃ) বলেনঃ যে ব্যক্তির স্ত্রী ক্রীতদাসী, অতঃপর উহাকে সে ক্রয় করিল এবং আযাদ করিয়া দিল, সেও ক্রীতদাসীর মতো দুই হায়য ইদ্দত পালন করিবে যাবৎ তাহার সহিত সহবাস না করা হয়। আর যদি মালিক

হওয়ার পর স্বামী তাহার সহিত সহবাস করিয়া থাকে মুক্তি প্রদানের পূর্বে, তবে ইস্তিবরা (জরায়ুকে অন্যের বীর্য হইতে মুক্ত করা) তাহার উপর এক হায়য ব্যতীত অন্য কিছু নাই।

## English

Malik said, "What is done among us when a slave divorces a slave- girl when she is a slave and then she is set free, is that her idda is the idda of a slave-girl, and her being set free does not change her idda whether or not he can still return to her. Her idda is not altered."

Malik added, "The hadd-punishment which a slave incurs is the same as this. When he is freed after he has incurred but before the punishment has been executed, his hadd is the hadd of the slave."

Malik said, "When a free man divorces a slave-girl three times, her idda is two periods. When a slave divorces a free woman twice, her idda is three periods."

Malik said about a man who had a slave-girl as a wife, and he bought her and set her free, ''Her idda is the idda of a slave-girl, i.e. two periods, as long as he has not had intercourse with her. If he has had intercourse with her after buying her and before he set her free, she only has to wait until one period has passed . "

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74124

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন